

তারিখ: 05/06/2017

আরবিআই জালোরস্থিত, জালোর নাগরিক সহকারি ব্যাঙ্ক লিমিটেড, -এর উপর জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 47A(1)(c) তৎসহ পঠিত ধারা 46(4) –এর বিধানের অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে (i) আন্তঃব্যাঙ্ক একক এবং সমষ্টি-ভিত্তিক রাশি-উন্মোচনের বিধিসম্মত সীমা লঙ্ঘন (ii) নির্ধারিত সীমা অতিক্রম করে অনুদান প্রদান- এই বিষয়গুলিতে আরবিআই নির্দেশবিধি/ নির্দেশিকা লঙ্ঘনের কারণে জালোরস্থিত, জালোর নাগরিক সহকারি ব্যাঙ্ক লিমিটেড,- এর উপর ₹ 5.00 লক্ষ (পাঁচ লক্ষ টাকা মাত্র)-এর আর্থিক জরিমানা আরোপ করেছে।

ব্যাঙ্কটির কার্যবিধি নিরীক্ষণের মাধ্যমে প্রাপ্ত বিষয়গুলির ভিত্তিতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল এবং আরবিআই-এর কার্যনির্বাহী নির্দেশক-এর সম্মুখে ব্যক্তিগত নিবেদনও রেখেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাব বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযুক্ত।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2016-2017/3281